

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫০৬১

মোহনপুর, ৪ মার্চ, ২০২৪

বর্ডার এরিয়া প্রোগ্রাম-ত্রিপুরা ২০২৪
লক্ষ্মীলুঙ্গা গ্রামপঞ্চায়েতে সাংস্কৃতিক অনুষ্ঠান

উত্তর পূর্বাঞ্চল সংস্কৃতি কেন্দ্রের উদ্যোগে এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহযোগিতায় বামুটিয়ার লক্ষ্মীলুঙ্গা গ্রামপঞ্চায়েতে প্রাঙ্গণে ২ মার্চ বর্ডার এরিয়া প্রোগ্রাম- ত্রিপুরা ২০২৪ উপলক্ষে এক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন বামুটিয়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান শীলা দাস সেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সদস্যা পাপিয়া নন্দী দাস, বামুটিয়া ব্লকের অতিরিক্ত বিডিও সফিফুর্দিন আহমেদ, স্টেট লেভেল কলচারেল অ্যাডভাইজারি কমিটির ভাইস চেয়ারম্যান সুব্রত চক্রবর্তী প্রমুখ। অনুষ্ঠানে আসাম, মেঘালয়, ঝাড়খন্দ, পশ্চিমবঙ্গ এবং রাজ্যের শিল্পীগণ মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশন করেন। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের পশ্চিম জেলা অফিসের সহঅধিকর্তা আমৃত দেববর্মা। সভাপতিত্ব করেন লক্ষ্মীলুঙ্গা গ্রামপঞ্চায়েতের প্রধান অপর্ণা দাস।
